**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বৃহস্পতিবার, 7 এপ্রিলে 22তম বার্ষিক ডঃ মার্টিন লুথার কিং জুনিয়র ক্যারিয়ার ফেয়ার ঘোষণা করলেন

***অ্যালবানির এম্পায়ার স্টেট প্লাজা কনভেনশন সেন্টারের অনুষ্ঠানটিতে 150টির বেশি ব্যবসা অংশগ্রহণ করবে এবং 9,300টি চাকরি উপলভ্য থাকবে***

***নিউ ইয়র্কের কর্মীবাহিনী জোরদার করা এবং অর্থনীতি পুনর্গঠন করার জন্য গভর্নর হোকলের সার্বিক পরিকল্পনার ভিত্তিতে এটি হচ্ছে***

***চাকরিসন্ধানীদের এখানে প্রাক-নিবন্ধন করতে উৎসাহিত করা হচ্ছে***

***এই বছর যা নতুন: নিউ ইয়র্কের গাঁজা শিল্পে আসন্ন ক্যারিয়ার সুযোগসমূহ নিয়ে তথ্য বুথ***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে কোভিড-19 মহামারী শুরু হওয়ার পর প্রথমবারের মতো 7 এপ্রিল, 2022 তারিখে বার্ষিক ডঃ মার্টিন লুথার কিং জুনিয়র ক্যারিয়ার ফেয়ার (Dr. Martin Luther King, Jr. Career Fair) অফলাইনে অ্যালবানির এম্পায়ার স্টেট প্লাজা কনভেনশন সেন্টারে (Empire State Plaza Convention Center) অনুষ্ঠিত হবে সকাল 11টা থেকে বিকাল 3টা পর্যন্ত। 150টির বেশি ব্যবসা 9,300টির বেশি সুযোগ প্রদান করার জন্য কোম্পানির প্রতিনিধিদের সাথে অনসাইট চাকরির ইন্টারভিউ গ্রহণ করবে।

"আমার প্রশাসন নিউ ইয়র্কবাসীদেরকে প্রধান প্রধান চাকরির সুযোগের সাথে সংযুক্ত করে দিতে নিবিড় মনোযোগ দিচ্ছে যা তাদেরকে একটি সফল ক্যারিয়ারের পথে স্থাপন করবে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের ইতিবাচক অর্থনৈতিক গতিবেগ ধরে রাখতে এবং নিউ ইয়র্ককে সম্মুখে অগ্রগামী রাখতে স্থানীয় চাকরিদাতাদের প্রয়োজন দক্ষ কর্মী। আমি গাঁজা শিল্পে যারা আছে তারাসহ নতুন ক্যারিয়ারের সুযোগসন্ধানী সকল নিউ ইয়র্কবাসীকে আজকেই ক্যারিয়ার ফেয়ারের জন্য নিবন্ধন করতে উৎসাহিত করছি।"

মহামারী পরবর্তী সময়ে নিউ ইয়র্কের কর্মীবাহিনী জোরদার করা এবং অর্থনীতি পুনর্গঠন করার জন্য গভর্নর হোকলের সার্বিক পরিকল্পনার ভিত্তিতে ক্যারিয়ার ফেয়ারটি হচ্ছে। গভর্নরের 2022 স্টেট অফ দ্য স্টেটে (State of the State) রূপরেখা প্রদান করা সাতমুখী উদ্যোগটি কর্মীবাহিনীর

বিকাশে নিউ ইয়র্কের পন্থাকে পুনঃকল্পনা করে এবং ঢেলে সাজায়, আঞ্চলিক চাহিদার উপর মনোযোগ দিয়ে, ক্যারিয়ার সেবা এবং আগামীর চাকরি তৈরি ও এর উপলভ্যতা বৃদ্ধি করে, এবং ভবিষ্যতের কর্মীবাহিনী গঠনের উদ্ভাবনী পন্থা সনাক্ত করার মাধ্যমে।

এই বছরের ফেয়ারে নতুন সংযোজনের মধ্যে রয়েছে গাঁজা শিল্পে আসন্ন ক্যারিয়ার সুযোগ নিয়ে আগ্রহী নিউ ইয়র্কবাসীদের জন্য তথ্য নিয়ে একটি স্থান এবং মানসিক স্বাস্থ্য সংস্থান ও সুস্থতার তথ্য নিয়ে একটি বুথ। চাকরিপ্রার্থীরা অনসাইট চাকরি অনুসন্ধান সেবার সুযোগ নিতে পারবে যার মধ্যে রয়েছে রেজুমে সহায়তা। চাকরির সুযোগ সংক্রান্ত অনুসন্ধান এবং অনলাইন আবেদন পূরণ করার জন্য একটি সংস্থান কক্ষও উপলভ্য থাকবে। নিউ ইয়র্ক স্টেট শ্রম ডিপার্টমেন্ট (New York State Department of Labor) এবং জেনারেল সার্ভিসেস অফিস (Office of General Services, OGS) দ্বারা সহস্পন্সরকৃত অনুষ্ঠানটি চাকরিপ্রার্থী ও ব্যবসা উভয়ের জন্য বিনামূল্যে হবে।

অংশগ্রহণকারীদের পেশাদার পোশাক পরিধান করতে এবং নিজেদের রেজুমের একাধিক কপি নিয়ে আসতে উৎসাহিত করা হচ্ছে। যে সমস্ত ব্যবসায়িক প্রতিষ্ঠান এই ফেয়ারেই নিয়োগ করবে তাদের মধ্যে আছে:

- মার্কিন আদমশুমারি ব্যুরো (U.S. Census Bureau)
- নিউ ইয়র্ক স্টেট কারেকশন্স এবং কমিউনিটি সুপারভিশন ডিপার্টমেন্ট (New York State Department of Corrections and Community Supervision)
- নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
- ফেডেক্স (FedEx)
- নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য অফিস (New York State Office of Mental Health)
- সিক্স ফ্ল্যাগস গ্রেট এস্কেপ রিসোর্ট (Six Flags Great Escape Resort)
- মার্কিন ডাক সেবা (U.S. Postal Service)
- অ্যাটেনটিভ কেয়ার (Attentive Care)
- নিউ ইয়র্ক স্টেট বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য অফিস (New York State Office for People with Developmental Disabilities)
- ক্যাপিটাল রিজিয়ন কোঅপারেটিভ এডুকেশনাল সার্ভিসেস বোর্ডস (Boards of Cooperative Educational Services, BOCES)

**নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "আপনি যদি আপনার প্রথম চাকরি, একটি নতুন চাকরি খুঁজতে থাকেন, বা ক্যারিয়ার পরিবর্তনের কথা ভাবতে থাকেন, তাহলে অনুসন্ধানের এটিই সঠিক সময়। মহামারী শুরু হওয়ার পর থেকে প্রথমবারের মতো আমরা উপস্থিত থেকে এই অনুষ্ঠানটি আয়োজন করতে যাচ্ছি এবং আমি আনন্দিত যে আমরা আপনাদের সকল পর্যায়ের অভিজ্ঞতা সন্ধানী চাকরিদাতাদের সাথে সরাসরি দেখা করার সুযোগ করে দিতে পারছি।"

**নিউ ইয়র্ক স্টেট জেনারেল সার্ভিসেস অফিসের কমিশনার বলেন,** "জেনারেল সার্ভিসেস

অফিস বার্ষিক ডঃ মার্টিন লুথার কিং জুনিয়র ক্যারিয়ার ফেয়ার আয়োজন করতে পেরে এবং চাকরিপ্রার্থীদের আরেকবার এম্পায়ার স্টেট প্লাজা কনভেনশন সেন্টারে স্বাগত জানাতে পেরে আনন্দিত। আমরা চাকরিপ্রার্থীদের উৎসাহিত করছি বৈচিত্র্যময় ব্যাপ্তির চাকরি এবং প্রশিক্ষণ সুযোগের ব্যাপারে সরাসরি চাকরিদাতা ও নিয়োগ দলসমূহের কাছ থেকে জানার জন্য 7 এপ্রিল আমাদের সাথে যোগ দিন। মহামারী নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে অনেক ক্ষতিগ্রস্ত করেছে, এবং এই পতন থেকে পুনরুদ্ধার পেতে এবং আমাদের ভবিষ্যতের জন্য আবার কর্মীবাহিনী গঠন করতে স্টেটের সার্বিক পন্থার একটি উল্লেখযোগ্য অংশ হলো নিয়োগ অনুষ্ঠানসমূহ।"

ডঃ কিং ক্যারিয়ার ফেয়ার অঞ্চলের সবথেকে বেশি অংশগ্রহণকারীর উপস্থিতি থাকা অনুষ্ঠানগুলির মধ্যে অন্যতম। মহামারীর পুরো সময়জুড়ে, শ্রম ডিপার্টমেন্ট 65টির বেশি ভার্চুয়াল ক্যারিয়ার ফেয়ার এবং কাস্টোমাইজড নিয়োগ অনুষ্ঠানের আয়োজন করেছে বা অংশগ্রহণ করেছে, যা পুরো নিউ ইয়র্ক স্টেটের প্রায় হাজার হাজার ব্যবসা ও চাকরিপ্রার্থীদের সেবাদান করেছে।

যারা ফেয়ারে উপস্থিত থাকতে চায় তাদেরকে অনলাইনে নিবন্ধন করার জন্য উৎসাহিত করা হচ্ছে। স্থান সীমিত এবং অনেক মানুষ আসবে বলে প্রত্যাশা করা হচ্ছে, তাই নিউ ইয়র্কবাসীকে যত দ্রুত সম্ভব নিবন্ধন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন